

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭৪৮

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ৠৣ) এর বরকত

আরবী

عَنِ السَّائِبِ بْنِ يَزِيْدَ قالُ: ذَهَبَتْ بِي خَالَتِي إِلَى النَّبِيِّ عَلَيْ فَقَالَتْ يَا رَسُوْلَ اللهِ إِنَّ ابْنَ أَخْتِي وَجِعٌ فَمَسَحَ رَأْسِي وَدَعَا لِي بِالْبَرَكَةِ ثُمَّ تَوَضَّاً فَشَرِبْتُ مِنْ وَضُوئِهِ ثُمَّ قُمْتُ خَلْفَ ظَهْرِهِ فَنَظَرْتُ إِلَى خَاتَمِ النَّبُوَّةِ بَيْنَ كَتِفَيْهِ مِثْلَ زِرِّ الْحَجَلَةِ

বাংলা

(২৭৪৮) সায়েব বিন য়্যাযীদ বলেন, (শিশু অবস্থায়) আমাকে আমার খালা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে নিয়ে গেলেন। খালা তাঁকে বললেন, 'হে আল্লাহর রসূল! আমার বোনপো ব্যথা অনুভব করে।' সুতরাং তিনি আমার মাথায় হাত বুলিয়ে দিলেন এবং আমার জন্য বর্কতের দু'আ দিলেন। অতঃপর তিনি ওয়ু করলেন। সুতরাং আমি তাঁর ওয়ূর পানি পান করলাম। অতঃপর তাঁর পিঠের পিছনে খাড়া হলাম এবং তাঁর দুই কাঁধের মাঝে পায়রার ডিমের মতো নবুঅতের মোহর দেখতে পেলাম।

ফুটনোট

(বুখারী ১৯০, মুসলিম ৬২৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন